

যুগান্তর

জাবি ছাত্রদল কর্মীকে হুমকি ও ধাওয়া ছাত্রলীগের

👤 জাবি প্রতিনিধি

🕒 ২৯ নভেম্বর ২০২৩, ২২:৫৭:৪১ | [অনলাইন সংস্করণ](#)



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা এক ছাত্রদল কর্মীকে হুমকি ও ধাওয়া দিয়েছে। মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বটতলা বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

হুমকি ও ধাওয়ার শিকার ছাত্রদল কর্মী রাজন হোসেন বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের ৪৬ ব্যাচের শিক্ষার্থী। তিনি ছাত্রদলের পারভেজ মল্লিক গ্রুপের অনুসারী। ঘটনার সময় জাবি শাখা ছাত্রলীগের সহসভাপতি সাব্বির হোসেন নাহিদ ও তার অনুসারীরা উপস্থিত ছিলেন। নাহিদ নৃবিজ্ঞান বিভাগের ৪৪ ব্যাচ ও শহীদ রফিক-জব্বার হলের আবাসিক শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শীরা জানান, মঙ্গলবার রাত ৯টার দিকে বটতলা বাজারে স্থানীয় কয়েকজনের সঙ্গে বসে চা খাচ্ছিলেন রাজন। হঠাৎ মোটরসাইকেলে করে সেখানে উপস্থিত হন ছাত্রলীগ নেতা নাহিদসহ কয়েকজন। তাদের দেখে রাজন উঠে দাঁড়ান ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র হিসাবে কথা বলেন। তবুও রাজনের ওপর চড়াও হন ছাত্রলীগের নেতাকর্মীরা। এ সময় তারা তাকে মারধর করতে

চাইলে সেখান থেকে দৌড়ে পালিয়ে যান রাজন। পেছন পেছন তাকে ধাওয়া করেন ছাত্রলীগ কর্মীরা। এ সময় রাজন ছাত্রদলের মিটিং করে কি-না নিশ্চিত হওয়ার জন্য আশপাশের লোকজনকে জিজ্ঞাসা করেন তারা।

এ ঘটনায় ছাত্রলীগ নেতা সাব্বির হোসেন নাহিদ বলেন, রাজন অনেকদিন ধরেই ছাত্রদলের রাজনীতির সঙ্গে সরাসরি যুক্ত। সম্প্রতি ফটকে তালা মারার মতো কাজের সঙ্গে সে ছিল। রাজনকে বলা হয়েছে, এসব কর্মকাণ্ডে তাকে যেন দেখা না যায়। পাশাপাশি তাকে বলা হয়, সামনে নির্বাচন, ক্যাম্পাসের আশপাশে দেখা গেলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। একপর্যায়ে সে দৌড়ে চলে যায়। তাকে মারধরের মতো কিছু ঘটেনি। আমরা তখন বাইকের ওপর বসা ছিলাম। তবে শুধু সে নয়, ছাত্রদলে যারা আছে তাদের দেখা গেলে পরিস্থিতি আরও খারাপ হতে পারে।

এর আগে গত ৫ মে বিশ্ববিদ্যালয় সংলগ্ন ইসলামনগর এলাকায় এক ব্যবসায়ী ও দোকানের কর্মচারীকে মারধরের অভিযোগ উঠে সাব্বির হোসেন নাহিদসহ আরও এক ছাত্রলীগ নেতার বিরুদ্ধে। পরদিন ৬ মে পাথালিয়া ইউনিয়নের এক ইউপি সদস্যকে পেটানোর অভিযোগ উঠে তাদের বিরুদ্ধে। এছাড়া ১৪ অক্টোবর সাভারের ইন্টারনেট প্রোভাইডার ‘তালুকদার নেট’-এর কেবল অপারেটরকে আবাসিক হলে আটকে রেখে সাড়ে পাঁচ হাজার টাকা চাঁদা আদায় করার অভিযোগও রয়েছে তাদের বিরুদ্ধে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

